



বই ধার নীতিমালা, ২০২২

গণপ্রজাতন্ত্রী সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১.	শিরোনাম	১
২.	পটভূমি	১
৩.	উদ্দেশ্য	১
৪.	সংজ্ঞা	১
৫.	বই ধার দেয়া নীতিমালা	১-৩
৬.	সদস্য ফরম	৪

### ১। শিরোনাম :

এই নীতিমালা গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সকল সরকারি গণগ্রন্থাগারের জন্য “বই ধার নীতিমালা, ২০২২” শিরোনামে অভিহিত হবে।

### ২। পটভূমি :

জ্ঞানভিত্তিক সমাজের অবিচ্ছেদ্য অঙ্গ গণগ্রন্থাগার। গণগ্রন্থাগার থেকে পাঠক তার প্রয়োজনীয় বই ধার সেবার মাধ্যমে নিয়ে যেতে পারেন। এতে পাঠক প্রয়োজনীয় তথ্য/জ্ঞান সুবিধাজনক সময়ে ও স্থানে আহরণ করার সুযোগ লাভ করেন। গণগ্রন্থাগার থেকে বই ধার সেবা প্রদান করার জন্য এই নীতিমালা প্রণয়ন করা হলো।

### ৩। উদ্দেশ্যাবলী :

- ৩.১। যথাযথ সময়ে সঠিক তথ্য ব্যবহারকারীদের হাতে তুলে দেয়াই গণগ্রন্থাগারের সেবা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য।
- ৩.২। সর্বস্তরের শিক্ষা কার্যক্রমকে পরিপূরক সহায়তা প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখা।
- ৩.৩। জনগনের জীবনব্যাপী অনানুষ্ঠানিক শিক্ষার সুযোগ সৃষ্টি করা।
- ৩.৪। শিশু-কিশোরদের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধির মাধ্যমে তাদের মানসিক গঠন পরিধি সম্প্রসারণে প্রত্যক্ষ ভূমিকা পালন।
- ৩.৫। অবসর সময়ে ও সুবিধাজনক স্থানে বই পাঠের সুযোগ সৃষ্টি।

### ৪। সংজ্ঞা :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়

- ৪.১। “প্রশাসনিক মন্ত্রণালয়” অর্থ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৪.২। “গণগ্রন্থাগার” অর্থ সর্বসাধারণের সেবা প্রদানের লক্ষ্যে সরকারি উদ্যোগে সকলের জন্য উন্মুক্ত সরকারি গণগ্রন্থাগার।
- ৪.৩। “বই” অর্থ দেশ ও বিদেশে প্রকাশিত পুস্তক।
- ৪.৪। “ই-বুক” অর্থ ইলেকট্রনিক বুক।
- ৪.৫। “বই ধার” অর্থ নির্ধারিত সময়ের জন্য সদস্যদের বই ধার দেয়া।
- ৪.৬। “কর্তৃপক্ষ” অর্থ গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক / মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

### ৫। বই ধার দেয়া নীতিমালা:

- ৫.১। নিবন্ধিত সদস্যগণ বই ধার নেয়ার ক্ষেত্রে নীতিমালার শর্তসমূহ পালন করবে।

৫.২। বই ধার গ্রহণের জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালাসহ আবেদনপত্র অথবা ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

৫.৩। সদস্যের ধরণ হবে ০৩ (তিন) প্রকার যা নিম্নরূপ :

(ক) শিশু সদস্য : অনূর্ধ্ব ১৮ বছর।

(খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৮ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত।

(গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৮ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।

৫.৪। সদস্য ফরমের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের (NID) অনুলিপি / জন্মনিবন্ধন সনদের অনুলিপি অথবা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৫.৫। গেজেটেড সরকারি কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান / বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১(এক) কপি ও স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।

৫.৬। সাধারণ সদস্যের ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকা, ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা এবং মেয়াদকাল সন্তোষজনকভাবে উত্তীর্ণ হওয়ার পরেই তা ফেরতযোগ্য।

৫.৭। সদস্যের সদস্য পদের মেয়াদকাল এক বছর। তবে আগ্রহী পাঠকেরা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ৫০.০০ (পঞ্চাশ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন।

৫.৮। প্রত্যেক সদস্যকে এককালীন ২(দুই)টি বইয়ের বেশী ধার দেয়া হবে না। সর্বোচ্চ পনের দিনের জন্য বই ধার দেয়া হবে। অন্য কোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২ বার ধার নিতে পারবেন।

৫.৯। কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতিসাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

৫.১০। নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যের নিকট থেকে প্রথম সপ্তাহে প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ (পাঁচ) টাকা হারে এবং দ্বিতীয় সপ্তাহ থেকে প্রতি দিনের জন্য ১০.০০ (দশ) টাকা হারে জরিমানা আদায় করা হবে।

৫.১০.১। যদি ৩০(ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা এবং সদস্য পদ বাতিল করা হবে।

৫.১১। কার্ড হারিয়ে গেলে অনতিবিলম্বে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ৫০(পঞ্চাশ) টাকার বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে।

৫.১২। রেফারেন্স বই, দুস্পাপ্য বই, বিদেশী বই, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবে না।

৫.১৩। কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তাঁর সদস্যপদ বাতিল করাসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।


৫.১৪। যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন হয় তবে অবশ্যই তা কর্তৃপক্ষকে জানাতে হবে।

৫.১৫। জামানতের টাকা ১(এক) বৎসরের পূর্বে উত্তোলন করা যাবে না।

৫.১৬। এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন। বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৫.১৭। সদস্য হওয়ার ক্ষেত্রে সরকারের অনলাইন প্ল্যাটফর্ম ([www.mygov.bd](http://www.mygov.bd)) অথবা গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য প্রযোজ্য ওয়েবসাইট বা নির্ধারিত অনলাইন মাধ্যম ব্যবহার করা যাবে।

৬. সদস্য ফরম : পরিশিষ্ট – ক



(মোঃ আবুবকর সিদ্দিক)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

